



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০৩.২০.২১৫

তারিখ: ২০ আষাঢ়. ১৪২৭

০৪ জুলাই ২০২০

বিষয়: সহকারী অধ্যাপক পদে পদোন্নতির আবেদন নিষ্পত্তির জন্য প্রতিবেদন প্রেরণ ;

সূত্র: মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিটপিটিশন নং ১৩৩১৩/২০১৯ এর অর্ন্তবর্তীকালীন আদেশ;

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন মীরবাগ ডিগ্রি কলেজের জনাব মো: আরাফাৎ হোসেন, প্রভাষক-ইসলামের ইতিহাস ও সংস্কৃতি(ইনডেক্স : ৮৩৪৭৮৩) সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য ২০/০৮/২০১৯ খ্রি. তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে আবেদন করেন। আবেদনে তিনি জানান যে, গত ৪/৫/২০১৯ খ্রি. তারিখে গভর্নিং বডির সভায় তাকেসহ ৮জনকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি দিয়ে প্রতিষ্ঠান থেকে সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের জন্য অনলাইনে আবেদন করেন। রংপুর অঞ্চল থেকে গত ১৫/০৭/২০১৯ খ্রি. তারিখে ই.এম.আই.এস সেলে প্রেরণ করা হয়। কিন্তু জুলাই/২০১৯ মাসের এমপিও তে ৭ জনের সহকারী অধ্যাপকের স্কেল প্রদান করা হয়েছে। কিন্তু জনাব মো: আরাফাৎ হোসেন কে সহকারী অধ্যাপকের স্কেল প্রদান করা হয়নি। সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য আবেদন করেন। পিটিশনার জনাব মো: আরাফাৎ হোসেন সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য মহামান্য হাইকোর্টে রীট পিটিশন নং ১৩৩১৩/২০১৯ দায়ের করেন। রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ বিবাদীগণের প্রতি কোন রুল জারি না করে ৩ নং বিবাদী মহাপরিচালক, মাউশিকে পিটিশনারের ২০/০৮/২০১৯ তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেন। মাউশির ইএমআইএস সেলের মতামত : আঞ্চলিক উপ-পরিচালক মহোদয়ের প্রত্যাহারের আবেদনের কারণে তা প্রত্যাহার করা হয়।

পিটিশনার ২০/০৮/২০১৯ খ্রি. তারিখের পত্রে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রদান এবং বেতন স্কেল উন্নতিকরণের জন্য আবেদন করেন। রিট পিটিশন নং ১৩৩১৩/২০১৯ এর আদেশ মোতাবেক পিটিশনারের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে।

এমতাবস্থায়, পিটিশনারের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির লক্ষে জনাব মো: আরাফাৎ হোসেন এর সহকারী অধ্যাপক পদের স্কেল মঞ্জুর করার পরও কেন রংপুর অঞ্চল থেকে স্থগিত করা হয়েছে, মীরবাগ ডিগ্রি কলেজে সহকারী অধ্যাপকের প্রাপ্যতা আছে কিনা এবং পিটিশনার বিধি মোতাবেক পদোন্নতি প্রাপ্য কিনা এ বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪-৭-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

উপপরিচালক (কলেজ)কলেজ শাখামাধ্যমিক ও উচ্চ শিক্ষা,  
রংপুর অঞ্চল, রংপুর


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০৩.২০.২১৫/১(৫)

তারিখ: ২০ আষাঢ়. ১৪২৭

০৪ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর
- ২) আঞ্চলিক উপপরিচালক (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর
- ৩) অধ্যক্ষ, মীরবাগ ডিগ্রি কলেজ, কাউনিয়া, রংপুর;
- ৪) জনাব মো: আরাফাত হোসেন, সহকারী অধ্যাপক(ইসলামের ইতিহাস), মীরবাগ ডিগ্রি কলেজ, কাউনিয়া, রংপুর;
- ৫) সংরক্ষণ নথি।



৪-৭-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক